**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন 1 নভেম্বর থেকে যোগ্য নিউ ইয়র্কবাসীদের জন্য হোম হিটিং সহায়তা উপলভ্য হবে

***যোগ্য গৃহস্থালিগুলি এই শীতকালে 976 মার্কিন ডলার পর্যন্ত হিটিং সহায়তা লাভ করতে পারবে***

***হোম এনার্জি সহায়তা কর্মসূচির জন্য আবেদন গ্রহণ শুরু হবে 1 নভেম্বর থেকে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে যেসব নিউ ইয়র্কবাসীর হিটিং বিল পরিশোধে সহায়তা প্রয়োজন তারা 1 নভেম্বর, মঙ্গলবার থেকে হোম হিটিং সহায়তার জন্য আবেদন করা শুরু করতে পারবে। হোম এনার্জি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP), যা HEAP নামেও পরিচিত, এই শীতকালে 976 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে পারে, নিম্ন ও মধ্যম আয়ের গৃহস্থালি এবং বয়স্ক নাগরিকদের নিজেদের বাসা উষ্ণ রাখতে সাহায্য করার জন্য এবং বিদ্যুতের উচ্চ মূল্যের ব্যয়ভার বহন করতে সাহায্য করার জন্য।

"আমরা প্রতিশ্রুতিবদ্ধ রয়েছি যাতে আমাদের সর্বাপেক্ষা দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের কাছে যাতে এই শীতকালে তাদের বাসা উষ্ণ রাখার বর্ধিত মূল্য পরিশোধে তাদের সাহায্য করার জন্য সহায়তা ও কর্মসূচি পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে পারি," **গভর্নর হোকল বলেন।** "হোম এনার্জি সহায়তা কর্মসূচি অগণিত নিউ ইয়র্ক পরিবারের জন্য একটি অত্যাবশ্যকীয় লাইফলাইন, এবং আমি যোগ্য সকলকে এই ভাতার জন্য আবেদন করতে উৎসাহিত করছি যা তাদের অতি প্রয়োজনীয় আর্থিক ত্রাণ প্রদান করবে।"

টেম্পোরারি এবং ডিজেবিলিটি সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) তত্ত্বাবধান করা কর্মসূচিটি ফেডারেলভাবে অর্থায়িত। যোগ্য গৃহস্থালিগুলি প্রতি মৌসুমে একটি নিয়মিত ভাতা পেতে পারবে এবং যদি তারা হিটিং জ্বালানি শেষ হয়ে যাওয়ার বা তাদের ইউটিলিটি সেবা বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে থাকে তাহলে একটি জরুরি ভাতার জন্য যোগ্য হতে পারবে। জরুরি ভাতার জন্য আবেদন গ্রহণ করা শুরু হবে 3 জানুয়ারি, 2023 থেকে।

যোগ্য গৃহমালিকেরা এবং ভাড়াটিয়ারা 976 মার্কিন ডলার পর্যন্ত হিটিং সহায়তা পেতে পারে, যা নির্ভর করবে তার আয়, গৃহস্থালির আকার, এবং তারা কীভাবে তাদের বাসা উষ্ণ করে, এবং

গৃহস্থালিতে একজন দুঃস্থ সদস্য রয়েছে কিনা তার উপর। চারজনের একটি পরিবারের সর্বাধিক মোট মাসিক আয় 5,485 ডলার বা বার্ষিক স্থূল আয় 65,829 ডলার হতে পারে এবং তাও সুবিধার জন্য যোগ্য হতে পারে।

নিয়মিত HEAP ভাতার মূল্য বর্ধিত করা হয়েছে এই শীতকালে উচ্চতর হিটিং মূল্যের পূর্বাভাসের কারণে। যেসব গৃহস্থালি তেল, কেরোসিন বা প্রোপেন দ্বারা উষ্ণ করে তাদের জন্য ভাতা 33 শতাংশ বৃদ্ধি করা হয়েছে; যেসব গৃহস্থালি কাঠ, কাঠের পেলেট, কয়লা, বা ভুট্টা দ্বারা উষ্ণ করে তাদের জন্য ভাতা 21 শতাংশ বৃদ্ধি করা হয়েছে; এবং যেসব গৃহস্থালি বিদ্যুৎ বা প্রাকৃতিক গ্যাস দ্বারা উষ্ণ করে তাদের জন্য ভাতা 14 শতাংশ বৃদ্ধি করা হয়েছে।

সহায়তার জন্য আবেদন গ্রহণ করা হবে সমাজসেবার স্থানীয় বিভাগে সশরীরে বা টেলিফোনে, এবং তহবিল আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে। নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দারা নিয়মিত হিটিং সহায়তা ভাতার জন্য অনলাইনেও আবেদন করতে পারবে। নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা আবেদনপত্র ডাউনলোড করতে এবং তথ্য পেতে পারবে এখানে।

**নিউ ইয়র্ক স্টেটের টেম্পোরারি এবং ডিজেবিলিটি সহায়তা অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "এই শীতকালের উচ্চতর হিটিং মূল্য পুরো নিউ ইয়র্কের গৃহস্থালিসমূহের বাজেটকে হুমকির সম্মুখীন করবে। হোম এনার্জি সহায়তা কর্মসূচিটি অত্যাবশ্যকীয় ত্রাণ প্রদান করবে, বিশেষ করে নিম্ন আয়ের কর্মজীবী পরিবারের জন্য, এবং সেই সাথে নির্দিষ্ট আয়ের বয়স্ক নাগরিকদের জন্যও। আমি এই সহায়তার প্রয়োজন আছে যাদের তাদের সকলকে সবচেয়ে ঠাণ্ডা মৌসুম শুরু হওয়ার পূর্বেই আবেদন করার তাগিদ প্রদান করছি।"

**প্রতিনিধি পল টঙ্কো বলেন,** "আমরা যখন শীতকালীন মাসগুলিতে প্রবেশ করতে যাচ্ছি এবং ইউক্রেনের বিরুদ্ধে পুতিনের যুদ্ধ বেড়েই চলেছে, আরো বেশি আমেরিকান তখন বর্ধিত হোম এনার্জি মূল্য দ্বারা চাপগ্রস্ত হচ্ছে, বিশেষ করে বয়স্ক এবং নিম্ন আয়ের পরিবারগুলি। আমি হোম এনার্জি সহায়তা কর্মসূচিতে অতিরিক্ত তহবিল অগ্রসর করার জন্য জোর লড়াই করেছি, এবং আমি কৃতজ্ঞ যে এই অত্যাবশ্যকীয় কর্মসূচির জন্য ফেডারেল সমর্থন নিশ্চিত করতে পেরেছি। আমি আমার পক্ষে সম্ভব সবকিছু করে যাবো যাতে নিউ ইয়র্কবাসীকে ত্রাণ প্রদান করতে পারি এবং নিশ্চিত করতে পারি যে পরিবারগুলি তাদের বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারে।"

**প্রতিনিধি আদ্রিয়ানো এস্পিয়াত বলেন,** "আমি গভর্নর হোকলের প্রশংসা করছি নিউ ইয়র্কবাসীদের উষ্ণ রাখতে আমি যেই ফেডারেল তহবিল নিশ্চিত করতে সাহায্য করেছি তা বরাদ্দ করার জন্য, এবং আমি আমার জেলার এবং পুরো নিউ ইয়র্ক সিটির সকল যোগ্য গৃহস্থালিকে উৎসাহিত করছি যাতে তারা এই শীতকালে সহায়তার জন্য আবেদন করে এবং নিজেদের বাসার হিটিংয়ের মূল্য পরিশোধ করতে এই সংস্থানসমূহ ব্যবহার করে। আমরা যখন আসন্ন শীতকালীন মাসগুলিতে প্রবেশ করতে যাচ্ছি এবং তাপমাত্রা যেহেতু কমতে শুরু করেছে, তখন বেশিদিন, দুঃস্থ সম্প্রদায়সমূহ এবং সীমিত আয়ের বয়স্করা যাতে নিজদের বাসা গরম করে উষ্ণ থাকতে পারে এবং তার জন্য বিদ্যুতের উচ্চ মূল্যের দুশ্চিন্তায় না থাকে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সমর্থন প্রদান করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ।"

গত শীতকালে প্রায় 1.7 মিলিয়ন HEAP ভাতা প্রদান করা হয়েছে, যা গত পাঁচ বছরের মধ্যে সর্বোচ্চ। এই শীতকালে আবার একই ধরনের সহায়তার চাহিদা থাকবে বলে অনুমান করা হচ্ছে।

যেই নিউ ইয়র্কবাসীরা এই মৌসুমে HEAP সাহায্য পাচ্ছেন এবং যাদের ইউটিলিটি বিল বকেয়াই থেকে যাচ্ছে, বা যাদের হিটিং জ্বালানির সঙ্কট রয়েছে, তারাও এককালীন জরুরি HEAP ভাতা পাওয়ার যোগ্যতা অর্জন করতে পারেন। আগামী 3 জানুয়ারি, বৃহস্পতিবার থেকে জরুরি সুবিধার জন্য আবেদন গ্রহণ শুরু হবে।

সহায়তা এখন যোগ্য গৃহমালিকদের সহায়তা করতে উপলভ্য যদি তাদের প্রাথমিক হিটিং সরঞ্জাম অনিরাপদ হয় বা না চলে এবং তাদের ফার্নেস বা বয়লার মেরামতের বা প্রতিস্থাপনের প্রয়োজন হয়। HEAP হিটিং সরঞ্জাম মেরামত ও প্রতিস্থাপন কর্মসূচির (HEAP Heating Equipment Repair and Replacement) মাধ্যমে প্রাপ্ত সহায়তার পরিমাণ অপরিহার্য হিটিং সরঞ্জাম মেরামত বা প্রতিস্থাপন করার প্রকৃত খরচের ভিত্তিতে দেয়া হয় - মেরামতের জন্য 4,000 মার্কিন ডলার এবং প্রতিস্থাপনের জন্য 8,000 মার্কিন ডলার পর্যন্ত। সর্বোচ্চ পরিমাণও গত বছরের তুলনায় বৃদ্ধি করা হয়েছে, শ্রমিক ও উপাদানের মূল্য অধিক হওয়ার কারণে।

যোগ্য গৃহমালিকেরা এখন নিজেদের বাড়ির প্রাথমিক হিটিং উৎস সর্বোচ্চ দক্ষতায় সচল রাখার জন্য HEAP হিটিং সরঞ্জাম পরিষ্কার ও টিউন (HEAP Heating Equipment Clean and Tune) ভাতার জন্যও আবেদন করতে পারবে। এসব সুবিধার জন্য আবেদনকারীদেরকে আরো তথ্যের জন্য তাদের স্থানীয় ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস-এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418